



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭



॥প্রেস বিজ্ঞপ্তি॥

মহান শহীদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপন উপলক্ষে
বায়তুল মুকাররম জাতীয় মসজিদে কুরআনখানিদোয়া ও মোনাজাত অনুষ্ঠিত

ঢাকা, রবিবার, ২১ ফেব্রুয়ারি ২০২১॥

মহান শহীদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপন উপলক্ষে আজ (২১ ফেব্রুয়ারি, রবিবার) সকাল ১১ টায় বায়তুল মুকাররম জাতীয় মসজিদে সংক্ষিপ্ত আলোচনা, কুরআনখানি, দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক ড. মোঃ মুশফিকুর রহমান। দোয়া ও মুনাজাত পরিচালনা করেন বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম মুফতি মাওলানা মিজানুর রহমান। এছাড়া অনুষ্ঠানে ইসলামিক ফাউন্ডেশনের সকল পরিচালকবৃন্দ, কর্মকর্তা-কর্মচারি ও সাধারণ মুসল্লিগণ উপস্থিত ছিলেন। মহান শহীদ দিবস উপলক্ষে আজ ইসলামিক ফাউন্ডেশনের সকল বিভাগীয় ও জেলা কার্যালয়, ৫০ টি ইসলামিক মিশন, ৭টি ইমাম প্রশিক্ষণ একডেমি ও সকল অফিসে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়েছে। এর আগে সকাল ৮.৩০ টায় আজিমপুর কবরস্থানে ভাষা শহীদদের রুহের মাগফিরাত কামনায় কুরআনখানি দোয়া ও মুনাজাতের আয়োজন করে ইসলামিক ফাউন্ডেশন।

অন্যদিকে মহান শহীদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস ২০২১ উপলক্ষে আজ দেশের সকল মসজিদে বিশেষ দোয়া ও মোনাজাতের আহবান জানিয়েছে ইসলামিক ফাউন্ডেশন।

স্বাক্ষরিত

(শায়লা শারমীন)

সহকারী জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫৩৫৩৬২৭৬